

**হাম-রুবেলা টিকা দেয়ার পর
ঝিনাইদহে শতাধিক
শিক্ষার্থী অসুস্থ**
● হাসপাতালে ভর্তি

প্রতিনিধি, ঝিনাইদহ

ঝিনাইদহে হাম রুবেলা টিকা দেয়ার পর শতাধিক শিক্ষার্থী অসুস্থ হয়ে পড়েছে। এদের মধ্যে সর্বমোট ৬০ জনকে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে। গতকাল দুপুরে ১২টার দিকে ঝিনাইদহ সদর উপজেলায় গোয়ালপড়া অধ্যক্ষ মোস্তফারক হোসেন সাহেবের বাড়ি-নিয়মিত মাধ্যমিক বিদ্যালয়ের ২৮০ জন শিক্ষার্থীকে টিকা দেয়া হয়। টিকা দেয়ার প্রায় ৩ ঘণ্টা পর তারা অসুস্থ হতে থাকে। অসুস্থ শিক্ষার্থীরা হুটপা অরণ হয়ে প্রায়ই বুকে ব্যথা অনুভব করে, এরপর তারা একে একে বমি করতে থাকে। এ সময় তাদের ঝিনাইদহ সদর হাসপাতালে আনা হয়। হাসপাতালে শিক্ষার্থীরা আসতে থাকলে অভিভাবক ও শিক্ষার্থীদের ভিড়ে ডাক্তারদেরও হিমশিম খেতে হয় চিকিৎসা দিতে। হাসপাতালে নেয়ার পক্ষে ৫ শিক্ষার্থী জ্ঞান হারিয়ে ফেলে।

শিক্ষার্থী ও অভিভাবকরা জানান, দুপুরে টিকা কাওয়ানের পর এ ঘটনা ঘটে। হাসপাতালে প্রাথমিকভাবে স্যালাইন ও প্রয়োজনীয় চিকিৎসা দিতে শুরু করেছে ডাক্তাররা। উদ্বেগ আর অভয় ছড়িয়ে পড়েছে অভিভাবকদের মধ্যে। এর আগে সোমবার জেলার হরিণাকটুতে আরিফুল ইসলাম নামে এক শিশুকে হাম রুবেলার টিকা দেয়ার অসুস্থ হয়ে ৩ ঘণ্টা পর মারা যায়। সে ঘটনায় ৪টি তদন্ত টিম কাজ করছে।

এদিকে হাসপাতালে দ্রুত ওষুধ ও চিকিৎসা সেবা না পাওয়ার অভিযোগ করেছে অভিভাবকরা। তারা টিকা দিয়েছে তাদের বিপক্ষে গাণ্ডি ও দাবিও জানিয়েছেন ক্ষুব্ধ অভিভাবক। তবে ঝিনাইদহ সদর হাসপাতালের আবাদিক মেডিকেল অফিসার বাশেদ আল মামুন জানান, উদ্ভিগ হওয়ার কিছু নেই। টিকা কাওয়ানের পর এমন হলেও এটা শিক্ষার্থীদের মানসিক সমস্যা বা একজনের দেখাদেখি অন্যরা আতঙ্কিত হয়েছে।

টিকাদানকারী স্বাস্থ্য সহকারী আর্মির আলি বলেন, ১২টার দিকে তারা টিকাদান শুরু করে। ২৮০ জন ছাত্রছাত্রীকে টিকা দেয়া হয়। এরপর দুপুরে ২টার দিকে ছাত্রছাত্রীরা একে পর এক অসুস্থ হতে থাকে। অসুস্থদের মধ্যে কমা বাতুন, তনী বাতুন, পূর্ণিমা, শোভা, আরিফ, রাবিয়া, নাদিতা, জাকনীর, চমকী, নাসরিন, মাকসুদ, আসমা, মিতিন, রেহেনা, অজিয়া, রাজিয়া, রবিয়া, সুমাইয়াসহ সর্বমোট ৮০ জনকে জেলা সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে। এদিকে শিক্ষার্থীদের অসুস্থ হওয়ার খবর শেয়ে ঝিনাইদহ জেলা প্রশাসক অসুস্থ : পৃষ্ঠা : ১৫ ত : ৩

অসুস্থ : শতাধিক শিক্ষার্থী
(১ম পৃষ্ঠার পর)

শফিকুল ইসলাম ও সিডিল সার্জন ডা. নাসরীন সুলতানা ঝিনাইদহ সদর হাসপাতালে ছুটে যান এবং চিকিৎসার বোঝাশবর নেন। এ বিষয়ে সিডিল সার্জন ডা. নাসরীন সুলতানা জানান, হাম রুবেলা টিকা দেয়ার পর কোন শিশু অসুস্থ হওয়ার কারণ নেই। মানসিক দুর্বলতার কারণ থেকেই শিক্ষার্থীরা এমস সাইকোলজিক্যাল ইনসেস রোগে আক্রান্ত।